



# জনসংযোগ অফিস

## বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

### প্রেস রিলিজ

তারিখঃ ২৩/০২/২০১৭খি:

## আধুনিক বাংলাদেশের রূপকার হবে তরুন প্রজন্ম

- নুরুল ইসলাম নাহিদ এমপি  
মাননীয় শিক্ষামন্ত্রী

তরুন প্রজন্মই পাড়বে আধুনিক চিন্তা, চেতনা এবং পর্যাপ্ত জ্ঞান আহরণের মাধ্যমে বঙ্গবন্ধুর স্বপ্নের ক্ষুধা, দারিদ্র ও নিরক্ষর মুক্ত বাংলাদেশ গড়ে তুলতে। আর এ জন্য তরুন প্রজন্মকে এগিয়ে আসতে হবে। শিক্ষা-দীক্ষা, চিন্তা-চেতনায় তাদেরকে আধুনিক হতে হবে। একমাত্র তরুনরাই পাড়ে এ বিশ্বকে পরিবর্তন করতে। আর তাই আগামীর বাংলাদেশের রূপকার হবেন এ তরুন প্রজন্ম। বরিশাল বিশ্ববিদ্যালয়ের ৬ষ্ঠ প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে অদ্য ২৩ ফেব্রুয়ারি ২০১৭ তারিখ সকাল ৯ টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠের মুক্তমঞ্চে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে মাননীয় শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এমপি একথা বলেন। তিনি আরও বলেন, উচ্চ শিক্ষার উদ্দেশ্য হবে নিজেদের সু-মানুষ হিসেবে প্রতিষ্ঠিত করা। আর আপনারা যারা উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকতার দায়িত্বে নিয়োজিত আছেন আপনারাই নতুন প্রজন্মকে এমন ভাবে গড়ে তুলবেন যাতে তারা আগামীর সুখী-সমৃদ্ধ বাংলাদেশকে নেতৃত্ব দানে সক্ষম হয়। একই সাথে তিনি জঙ্গীবাদের বিরুদ্ধেও শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকদের সোচ্চার হওয়ার আহ্বান জানিয়ে বলেন, জনগনের টাকায় আমাদের শিক্ষার্থীরা পড়ালেখা করছে, তাই তাদেরকে মানুষের মত মানুষ হতে হবে। বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের উদ্দেশ্যে তিনি বলেন, নবীন বিশ্ববিদ্যালয় হিসেবে এ প্রতিষ্ঠানটি বেশ ভালোই এগিয়ে যাচ্ছে, বরিশাল বিশ্ববিদ্যালয়ের উন্নয়নে সরকার আন্তরিক। কেননা এ সরকার শিক্ষা বাস্তব সরকার। পর্যায়ক্রমে আপনারদের সকল চাওয়া গুলো পূরণ হবে এবং এ বিশ্ববিদ্যালয়ের এক একটি ভবন আট থেকে দশ তলায় রূপান্তরিত হবে। অন্যান্য নির্মানাধীন ভবনগুলোর কাজও দ্রুত গতিতে শেষ হবে। কেননা এ বরিশাল বিশ্ববিদ্যালয়ের স্থান নির্বাচন থেকে শুরু করে বর্তমানের কর্ণকাঠীস্থ মূল ক্যাম্পাসে ফিরে আসা সহ প্রতিটি ক্ষেত্রে আমার মন্ত্রণালয়ের যেমন ভূমিকা রয়েছে, তেমনি এর সাথে আমার আবেগও জড়িত রয়েছে। বিশ্ববিদ্যালয় দিবসের এ আনন্দক্ষণে আমি বরিশাল বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের অভিনন্দন জানাচ্ছি। অনুষ্ঠানের শুরুতে প্রধান অতিথি ও বিশেষ অতিথিকে ফুল ও ক্রেস্ট দিয়ে বরণ করে নেন বরিশাল বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষে মাননীয় উপাচার্য ও ট্রেজারার মহোদয় সহ অন্যান্যরা। উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক'র সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় আরও বক্তব্য রাখেন বিশেষ অতিথি বরিশাল-২ আসনের সংসদ সদস্য এ্যাডভোকেট তালুকদার মোঃ ইউনুস, বরিশাল-৫ আসনের সংসদ সদস্য জেবুনেছা আফরোজ, বিবি'র ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান, বরিশাল মেট্রোপলিটন পুলিশের কমিশনার এস এম রুহুল আমিন, বরিশাল রেঞ্জের ডিআইজি শেখ মোঃ মারুফ হাসান, শিক্ষক সমিতির সভাপতি মো. আবদুল কাইয়ুম, অফিসার্স এসোসিয়েশনের পক্ষে ড. মো. হুমায়ুন কবির। সভাপতির বক্তব্যে উপাচার্য মহোদয় প্রধান অতিথিকে বরিশাল বিশ্ববিদ্যালয়ে আশার জন্য ধন্যবাদ জানিয়ে বলেন, মন্ত্রী মহোদয় আমার উপরে আস্থা রেখে এ বিশ্ববিদ্যালয়ে আমাকে দায়িত্ব দিয়েছেন এবং আমি চেষ্টা করছি নবীন এ বিশ্ববিদ্যালয়টিকে বাংলাদেশের অন্যতম একটি সেরা বিশ্ববিদ্যালয়ে পরিণত করতে। তিনি বলেন শুধু মাত্র অর্থ সম্পদে ধনী হলে চলবে না, আমাদেরকে মন ও মানসিকতার দিক থেকে ধনী হতে হবে। আর তা হলেই আমাদের



# জনসংযোগ অফিস

## বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

দেশ এগিয়ে যাবে। আর এ বিষয়ে শিক্ষকদেরকেই অগ্রণী ভূমিকা রাখতে হবে। তিনি বলেন যে, এ ব্যাপারে সকল স্তরের শিক্ষা ব্যবস্থায় পরিবর্তন আনয়ন প্রয়োজন। রজিস্ট্রার মো. মনিরুল ইসলামের সঞ্চালনায় অনুষ্ঠানে বরিশাল সিভিকিট সদস্য ড. মো. শফিউর রহমান, প্রাক্তন অতিরিক্ত এটর্নি জেনারেল সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী এম কে রহমান, বিভিন্ন অনুষ্ঠানের ডিন, প্রক্টর, বিভাগীয় প্রধান, প্রভোস্টবন্দ, শিক্ষকমন্ডলী, পরিচালকবন্দ, দপ্তর প্রধানগণ, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সংগঠনের সভাপতি, সাধারণ সম্পাদকবন্দ, শিক্ষার্থীবন্দ, কর্মকর্তা-কর্মচারী, স্থানীয় প্রশাসনের গন্যমান্য ব্যক্তিবর্গ, পবিপ্রবির উপাচার্য মহোদয়, বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান, বিভিন্ন সরকারী কলেজের অধ্যক্ষবন্দ, সুশীল সমাজ ও সাংবাদিকবন্দ উপস্থিত ছিলেন। সভাস্থলে বিশ্ববিদ্যালয় দিবস ২০১৭ উপলক্ষে বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রকাশিত স্মরণীকা 'কীর্তনখোলার' মোড়ক উন্মোচন করেন প্রধান অতিথি সহ অন্যান্য অতিথিবন্দ। আলোচনা সভা শেষে মাননীয় শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এমপি বিশ্ববিদ্যালয়ের নিজস্ব অর্থায়নে ত্রয়কৃত একটি অত্যাধুনিক গ্র্যামুলেঙ্গ ফিতা কেটে উদ্বোধন করেন। সব শেষে বরিশাল বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় সাংস্কৃতিক কমিটির আয়োজনে এবং শিক্ষার্থীদের অংশগ্রহণে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

কর্তৃপক্ষের নিদেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি  
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)  
জনসংযোগ অফিস  
বরিশাল বিশ্ববিদ্যালয়  
([b.university.pro@gmail.com](mailto:b.university.pro@gmail.com))